

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭৫৩

আগরতলা, ৯ নভেম্বর, ২০২৪

লামডিং-বদরপুর অংশে মালবাহী ট্রেন লাইনচুয়েট

রাজ্য আগামীকাল থেকে পেট্রোল বিক্রির
ক্ষেত্রে সাময়িকভাবে রেশনিং ব্যবস্থা চালু

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের লামডিং-বদরপুর অংশে একটি মালবাহী ট্রেন লাইনচুয়েট হওয়ায় প্রায় ৪-৫ কিলোমিটার বিস্তৃত রেললাইন ক্ষতিগ্রস্ত হয়েছে। এরফলে বিগত কিছুদিন যাবৎ পেট্রোপণ্য সহ বিভিন্ন নিত্য প্রয়োজনীয় সামগ্রী বহিরাজ্য থেকে রেলপথে রাজ্য আমদানী বন্ধ রয়েছে। ইতিমধ্যে রেলওয়ে কর্তৃপক্ষের তরফে উক্ত এলাকায় রেললাইন সারাইয়ের জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সারাইয়ের কাজ যুদ্ধকালীন তৎপরতায় করা হচ্ছে। আগামী ১৩ নভেম্বর, ২০২৪ তারিখ থেকে এই রেললাইন অংশে পুনরায় পণ্য পরিবহণ পরিষেবা চালু করা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে।

আইওসিএল কর্তৃপক্ষ বর্তমানে আসামের গুয়াহাটী, বেতকুচি, লামডিং ও শিলচর ডিপো থেকে সড়কপথে ট্যাঙ্কার ট্রাকের মাধ্যমে রাজ্য পেট্রোল ও ডিজেল আমদানি করছে। তবে বর্তমানে ধর্মনগরস্থিত আইওসিএল ডিপো সহ রাজ্যের বিভিন্ন মহকুমায় পেট্রোল পান্পগুলিতে পেট্রোলের মজুতের পরিমাণ কম থাকায় সারা রাজ্য আগামী ১০ নভেম্বর, ২০২৪ থেকে পেট্রোল বিক্রির ক্ষেত্রে সাময়িকভাবে রেশনিং ব্যবস্থা চালু করা হচ্ছে। খাদ্য, জনসংস্কারণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়ে বলা হয়েছে জনসাধারণ যেন পেট্রোলের এই সংকটকালীন পরিস্থিতিতে আতঙ্কিত হয়ে অতিরিক্ত পেট্রোপণ্য ক্রয় করা থেকে বিরত থাকেন। সকল জনসাধারণের উদ্দেশ্যে এই রেশনিং ব্যবস্থা সুষ্ঠুভাবে মেনে চলার জন্য আবেদন করা হচ্ছে। এই রেশনিং ব্যবস্থার মেয়াদ রাজ্য রেলপথে পেট্রোপণ্য পরিবহণ পরিষেবা পুনরায় চালু না হওয়া পর্যন্ত লাগু থাকবে।
